JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/19/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটজুড়ে ফার্ম-টু-স্কুল (FARM-TO-SCHOOL) প্রোগ্রাম সমর্থন করতে পুরস্কার হিসেবে রেকর্ড 1.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন

তহবিলটি 18টি প্রকল্প সমর্থন করবে যা দ্বারা 420,000 জন শিক্ষার্থী উপকৃত হবে

প্রোগ্রামটি গভর্নরের বিস্তৃত "কোনো শিক্ষার্থী ক্ষুধার্ত থাকবে না প্রোগ্রাম (No Student Goes Hungry Program)" এর একটি অংশ

স্কুল লাঞ্চের জন্য স্থানীয় কৃষি পণ্য ক্রয় বৃদ্ধি করার জন্য নির্দেশাবলী প্রকাশ করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ পুরো নিউ ইয়র্ক স্টেটে ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম সমর্থন করতে পুরস্কার হিসেবে 1.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা করলেন। 18 টি প্রকল্পকে এবং কিন্ডারগার্টেন থেকে গ্রেড 12 পর্যন্ত শিক্ষার্থীদের খাবার প্রদান করে এমন শিক্ষা প্রতিষ্ঠানকে তহবিলটি প্রদান করা হয়েছে এবং এর ফলে 420,000 জনের বেশি শিক্ষার্থী উপকৃত হবে। স্টেটের 2018-19 বাজেটে ফার্ম-টু-স্কুল প্রোগ্রামের তহবিল দ্বিগুণ করা হয়েছে এবং এটি গভর্নরের কোনো শিক্ষার্থী ক্ষুধার্ত থাকবে না উদ্যোগের একটি মুখ্য উপাদান।

"নিউ ইয়র্কে বিশ্ব-মাণের কৃষি পণ্য উৎপাদিত হয় এবং ফার্ম-টু-স্কুল প্রোগ্রামটি আমাদের শিক্ষার্থীদের কাছে তাজা, স্থানীয়ভাবে উৎপাদিত উপকরণ পৌঁছে দেয়", **গভর্নর কুওমো বলেছেন।** "নিউ ইয়র্কের সকল শিক্ষার্থীকে তাজা, স্বাস্থ্যকর খাবার প্রদান করা এবং স্টেটের প্রতিটি কোণায় চাষি ও উৎপাদকদের অর্থনৈতিক বিকাশ উন্নত করতে আমাদের যে প্রতিশ্রুতি তার বাস্তবায়ন এই রেকর্ড তহবিল।"

"স্কুলে প্রতিদিন শিশুরা যেই পুষ্টি লাভ তা তাদের বিকাশ ও শ্রেণীকক্ষের মনোযোগের জন্য গুরুত্বপূর্ণ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "উদ্ভাবনী এই প্রোগ্রামটি দিয়ে আমরা নিশ্চিত করছি যে স্থানীয়ভাবে উৎপন্ন ফল ও সবজি যেন নিউ ইয়র্কের লক্ষ লক্ষ শিশুর কাছে পৌঁছাতে পারে। নিউ ইয়র্কে বিশ্বমানের ফার্ম পণ্য উৎপন্ন হয় এবং ফার্ম-টু-স্কুল প্রোগ্রামের এইসব প্রকল্প আমাদের স্টেটের সব অঞ্চলের স্কুলগামী শিশু ও চাষিদের জন্য সুফল বয়ে আনবে।"

ফার্ম-টু-স্কুল সমন্বয়কারী নিয়োগ করতে; শ্রেণীকক্ষে ও ক্যাফেটেরিয়াতে পুষ্টি শিক্ষা প্রদান করতে; খাদ্য প্রস্তুতি সমর্থক সরঞ্জাম ক্রয় করতে; এবং স্কুল লাঞ্চে ব্যবহারের জন্য ফল, সবজি, বাদাম ও হার্বের মতো স্থানীয় পণ্য ক্রয় সমর্থন করতে এই তহবিল ব্যবহার করা হবে।

ফার্ম-টু-স্কুল প্রোগ্রামটি স্কুলে স্থানীয়ভাবে উৎপন্ন ও প্রস্তুত খাদ্যের পরিমাণ ও বৈচিত্র্য বৃদ্ধি করে, শিক্ষার্থীদের স্বাস্থ্য উন্নত করে এবং অল্পবয়সীদের কৃষির ব্যাপারে শিক্ষিত করে, পাশাপাশি এটি নিউ ইয়র্কের চাষিদের জন্য একটি নতুন বাজার তৈরি করে। এছাড়াও প্রোগ্রামটি নিউ ইয়র্ক বৃহস্পতিবার (NY Thursdays) প্রোগ্রাম,

স্কুলের খাবারের একটি উদ্যোগ যেখানে পুরো বছরের সব বৃহস্পতিবার স্থানীয় ফার্মের তাজা খাবার ব্যবহার করা হয়, সমর্থন করে।

স্কুল ও শিক্ষা প্রতিষ্ঠানে ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম সমর্থনের জন্য চতুর্থবারের মতো এমন তহবিল প্রদান করা হল। 2015 সালে গভর্নর নিউ ইয়র্কের ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম শুরু করার পর থেকে পুরো স্টেটে 255টি স্কুল জেলার কল্যাণে 43টি ফার্ম-টু-স্কুল প্রকল্পে 3.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ বিনিয়োগ করা হয়েছে।

ফার্ম-টু-স্কুল অনুদান তহবিল পেয়েছে যেইসব প্রতিষ্ঠান তাদের তালিকা নিচে দেওয়া হল। প্রকল্প বিবরণের পূর্ণ তালিকা পাওয়া যাবে এখানে।

পশ্চিম নিউ ইয়র্ক

- নায়াগ্রা কাউন্টির কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension of Niagara County): 92,479 মার্কিন ডলার
- ওয়েলসভিল কেন্দ্রীয় স্কুল জেলা (Wellsville Central School District): 39,211 মার্কিন ডলার
- ফ্র্যাঙ্কসভিল কেন্দ্রীয় স্কুল জেলা (Franklinville Central School District): 67,055 মার্কিন ডলার
- ফ্রস্টভিল কেন্দ্রীয় স্কুল জেলা (Forestville Central School District): 99,235 মার্কিন ডলার
- ইরি কাউন্টির কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension of Erie County): 80,457 মার্কিন ডলার

ফিঙ্গার লেকস

- জেনেসি কেন্দ্রীয় স্কুল জেলা (Genesee Valley Central School District): 50,621 মার্কিন ডলার
- ফুডলিংক ইনকরপোরেশন (Foodlink Inc).: 66,936 মার্কিন ডলার

সাউদার্ন টিয়ার

- রুরাল হেলথ নেটওয়ার্ক SCNY ইনকরপোরেশন (The Rural Health Network SCNY, Inc): 99,506 মার্কিন ডলার
- টম্পকিনস কাউন্টির কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension of Tompkins County): 92,829 মার্কিন ডলার

সেন্ট্রাল নিউ ইয়র্ক

- ওয়েন কাউন্টির (Wayne County) কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension): 100,000 মার্কিন ডলার
- কর্টল্যান্ড কাউন্টির (Cortland County) কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension): 99,989 মার্কিন ডলার

নর্থ কান্ট্রি

- এসেক্স কাউন্টির (Essex County) কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension): 99,939 মার্কিন ডলার

মোহক ভ্যালি

- ওনিডা হারকিমার ম্যাডিসন BOCES (Oneida Herkimer Madison BOCES): 100,000 মার্কিন ডলার

হাডসন ভ্যালি

- পগকিপসি ফার্ম প্রজেক্ (Poughkeepsie Farm Project)ট, নিউ ইয়র্কের শিশুদের জন্য নিউ ইয়র্কের খাবার (NY Food for NY Kids): 100,000 মার্কিন ডলার

ক্যাপিটাল রিজিয়ন

- ক্যাপিটাল রুটস ইনকর্পোরেশন (Capital Roots Inc): 97,220 মার্কিন ডলার
- সারাটোগা কাউন্টির (Saratoga County) কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension): 36,226 মার্কিন ডলার
- ওয়ারেন কাউন্টির (Warren County) কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension): 93,582 মার্কিন ডলার

লং আইল্যান্ড

- গ্লেন কোভ সিটি স্কুল জেলা (Glen Cove City School District): 84,712 মার্কিন ডলার

গভর্নরের কোনো শিক্ষার্থী ক্ষুধার্ত থাকবে না উদ্যোগ

স্কুলে পরিবেশিত খাবারে তাজা স্থানীয় খাদ্যের পরিমাণ বৃদ্ধির জন্য এবং নিউ ইয়র্কের চাষিদের নতুন বাজারের সাথে যুক্ত করার জন্য স্টেটের যে চেষ্টা চলছে তার একটি প্রধান উপাদান ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম। গভর্নরের 2018 এর স্টেট অব দ্য স্টেট (State of the State) ভাষণে প্রথম উল্লেখিত কোনো শিক্ষার্থী ক্ষুধার্ত থাকবে না উদ্যোগের এটি একটি মুখ্য উপাদান। উদ্যোগটি হল বয়স, পরিবারের অবস্থা, এবং আর্থিক অবস্থা নির্বিশেষে কিন্ডারগার্টেন থেকে কলেজ পর্যন্ত সকল শিশুর জন্য স্বাস্থ্যকর, স্থানীয়ভাবে উৎপাদিত খাবার সহজলভ্য করার জন্য গঠিত একটি প্রোগ্রাম। ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম সম্প্রসারিত করার পাশাপাশি, কোনো শিক্ষার্থী ক্ষুধার্ত থাকবে না প্রোগ্রাম বিনামূল্যে সকালের নাস্তার ব্যবস্থা করেছে, লাঞ্চ-শেমিং নিষিদ্ধ করেছে, এবং কিন্ডারগার্টেন থেকে কলেজ পর্যন্ত শিক্ষার্থীরা যাতে একটি মানসম্পন্ন শিক্ষার পরিবেশে ফার্মের তাজা খাবার পেতে পারে তা নিশ্চিত করতে সাহায্য করেছে।

গভর্নরের নতুন কোনো শিক্ষার্থী ক্ষুধার্ত থাকবে না উদ্যোগে আরো একটি যুগান্তকারী প্রতিশ্রুতি যুক্ত হবে যা আগামী বছর থেকে কার্যকরী হবে: যেসব স্কুল জেলা তাদের কেনা উপকরণের অন্তত 30 শতাংশ নিউ ইয়র্কের ফার্ম ও উৎপাদনকারীদের কাছ থেকে ক্রয় করে, তারা লাঞ্চের জন্য স্টেটের কাছ থেকে 25-সেন্ট ব্যয়পূরণ লাভ করবে। তহবিল প্রাপ্ত বহু ফার্ম-টু-স্কুল প্রকল্প স্কুলগুলিকে এই লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে।

এই মাসের শুরুর দিকে, স্টেটের শিক্ষা অধিদপ্তর (State Department of Education) এবং কৃষি ও বাজার অধিদপ্তর (Department of Agriculture and Markets) স্কুলের খাদ্য কর্তৃপক্ষকে আরো বেশি তহবিল প্রদান করতে এবং তাদের স্থানীয় পণ্য ক্রয় বর্ধন করতে কোনো শিক্ষার্থী ক্ষুধার্ত থাকবে না ব্যয়পূরণের জন্য নির্দেশাবলী প্রকাশ করেন। নির্দেশাবলী পাওয়া যাবে এখানে।

পূর্ববর্তী স্কুল বছরে নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্যে তাদের স্কুল লাঞ্চের মোট খরচের অন্তত 30 শতাংশ ব্যয়কারী লাঞ্চ প্রদানকারীরা বর্তমান স্কুল বছরের জন্য দাবীকৃত প্রতি লাঞ্চের জন্য সর্বোচ্চ 25 সেন্ট পর্যন্ত ব্যয়পূরণের জন্য স্টেটের কাছে 1 জুলাই আবেদন করতে পারবে। উদাহরণস্বরূপ, 2018-2019 স্কুল-বছরের উপাত্তের ভিত্তিতে 1 জুলাই, 2019 এ ব্যয়পূরণ আবেদনপত্র গ্রহণ করা হবে। অনুমোদিত লাঞ্চ প্রদানকারীরা দাবীকৃত প্রতি লাঞ্চের জন্য 2019-2020 স্কুল বছরে অর্থ লাভ করবেনা।

"নিউ ইয়র্ক স্টেট খাদ্য পণ্য" (New York State Food Products) বলতে এমন সব পণ্য বোঝানো হয় যা নিউ ইয়র্ক স্টেটে উৎপন্ন, চাষকৃত বা প্রস্তুত করা হয়, এবং যা ওজন বা আয়তন যেকোনো দিক দিয়ে 51 শতাংশের বেশি নিউ ইয়র্ক স্টেটে উৎপন্ন, চাষকৃত বা প্রস্তুত করা কৃষিজ কাঁচামাল দিয়ে প্রক্রিয়াজাতকৃত। এখানকার 30 শতাংশ হিসাব যন্ত্র (Calculation Tool) ব্যবহার করে এই উদ্যোগে অংশগ্রহণের জন্য কী পরিমাণ ক্রয় করতে হবে তার একটি অনুমান পাওয়া যাবে। নিউ ইয়র্ক স্টেট উৎপাদনকারী ও প্রক্রিয়াজাতকারীদের বর্তমান তালিকা পাওয়া যাবে এখানে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার (New York State Agriculture Commissioner) রিচার্ড এ. বল বলেন, "আমাদের ফার্ম-টু-স্কুল প্রোগ্রামে গভর্নরের এই রেকর্ড পরিমাণ অর্থদান এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে আপস্টেট ও ডাউনস্টেটের সকল শিক্ষার্থী যাতে স্থানীয়ভাবে উৎপন্ন তাজা পুষ্টিকর খাবার পায়, এবং একইসাথে এটি স্থানীয় চাষি ও খাদ্য উৎপাদকদের উন্নয়ন করে। আরবান, রুরাল এবং সাবারবান নিউ ইয়র্কবাসীর জন্য এটি সব দিক দিয়ে লাভজনক।"

জেনারেল সার্ভিস অফিসের (Office of General Services, OGS) কমিশনার রোঅ্যান এম. ডেসটিটো বলেন, "গভর্নর কুওমোর ফার্ম-টু-স্কুল উদ্যোগের সম্প্রসারণ নিউ ইয়র্কের শিক্ষার্থীদের জন্য একটি ভালো সংবাদ যেহেতু যারা স্বাস্থ্যকর খাওয়ার অভ্যাস সম্পর্কে জানার আরও বেশি সুযোগ পাবে কারণ তারা স্থানীয়ভাবে উৎপাদিত আরও বেশি পুষ্টিকর ও সুস্বাদু খাবার খেতে পারবে। 2018-19 সালের অপ্রক্রিয়াজাতকৃত ফল ও সবজি সংক্রান্ত USDA পাইলট প্রকল্পের প্রতি স্টেটের 250টিরও বেশি স্কুল জেলার করা 3 মিলিয়ন মার্কিন ডলার USDA তহবিলের প্রতিশ্রুতি নিয়ে আমরা উত্তেজিত। স্টেটের পক্ষে OGS এর পরিচালিত এই পাইলটটি নিউ ইয়র্কের শিক্ষার্থী এবং কৃষি কমিউনিটি উভয়ের জন্য মঙ্গলকর।"

সিনেট কৃষি কমিটির (Senate Agriculture Committee) চেয়ারম্যান প্যাটি রিচি বলেন, "স্কুলের লাঞ্চরুমে আরো বেশি স্থানীয় ফার্মের তাজা খাবার রাখা সবার জন্যই লাভজনক। এই প্রোগ্রামের মাধ্যমে আমরা আমাদের শিশুদের আরো স্বাস্থ্যকর খাবার খাওয়াতে এবং তাদের কৃষির ব্যাপারে শিক্ষা দিতে পারছি, একই সাথে আমরা আমাদের কঠোর পরিশ্রমী চাষিদের জন্য নতুন বাজার তৈরি করছি। কীভাবে এই বিনিয়োগ শিক্ষার্থীদের স্বাস্থ্য উন্নত করে এবং আমাদের চাষিদের অবস্থা উন্নতি করে তা দেখার জন্য উন্মুখ হয়ে আছি।"

অ্যাসেম্বলি কৃষি কমিটির (Assembly Agriculture Committee) চেয়ারম্যান বিল ম্যাগি বলেছেন, "ফার্ম-টু-স্কুল প্রোগ্রামটি স্কুল লাঞ্চ প্রোগ্রামে স্বাস্থ্যকর, তাজা, নিউ ইয়র্কে উৎপন্ন খাবার যোগ করতে

সফল হয়েছে। নিউ ইয়র্ক বৃহস্পতিবার উদ্যোগ ও ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম শিক্ষার্থীদের স্থানীয়ভাবে উৎপন্ন খাবার সহকারে একটি স্বাস্থ্যকর ডায়েট সমর্থন করতে ও এর উপকারিতা বুঝতে উৎসাহিত করে এবং একই সাথে স্থানীয় ফার্ম অর্থনীতিকে উন্নত করে। কৃষি, খাদ্য, এবং অর্থনীতি সম্পর্কে শিক্ষা দানের জন্য পাঠ ও লক্ষ্যের জন্য সেরা অনুশীলন অব্যাহত ও অগ্রসর রাখতে এই বর্ধিত প্রতিশ্রুতি ইতিমধ্যে পাওয়া সাফল্যকে আরো এগিয়ে নিয়ে যাবে।”

আর্থিক সহায়তার পাশাপাশি যেসব স্কুল ও প্রতিষ্ঠান বর্তমানে ফার্ম-টু-স্কুল উদ্যোগে অংশগ্রহণ করছে এবং যারা প্রোগ্রাম বাস্তবায়ন করবে ভাবছে তাদের জন্য অনলাইনে শিক্ষামূলক উপকরণ পাওয়া যাবে। নিউ ইয়র্ক স্টেটের স্কুলে স্থানীয় খাবার আনা (Getting Local Food Into New York State Schools) হল একটি টুলকিট যা কীভাবে স্থানীয় পণ্য আহরণ করতে হয় সেই ব্যাপারে স্কুলগুলিকে নির্দেশনা দেয়। পাশাপাশি, হারভেস্ট অব দ্য মান্থ (Harvest of the Month) টুলকিট হারভেস্ট অব দ্য মান্থ ক্যাম্পেইনটি শুরু ও প্রচার করার কৌশল প্রদান করে, এই ক্যাম্পেইনে প্রতি মাসে স্কুলের ক্যাফেটেরিয়াতে একটি ভিন্ন স্থানীয়ভাবে উৎপন্ন খাদ্যকে কেন্দ্রবিন্দু করা হয় পোস্টার,রান্না করে দেখানো, খাবারের স্বাদ পরীক্ষার মতো শিক্ষামূলক জিনিস দিয়ে। এগুলি স্টেটের ফার্ম-টু-স্কুল ওয়েবসাইটে এখানে পাওয়া যাবে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন